# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ১১৫৪

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ২৯. তৃতীয় অনুচ্ছেদ - দু’বার সালাত আদায় করা

---

আরবী

وَعَنْ رَجُلٍ مِنْ أَسَدِ بْنِ خُزَيْمَةَ أَنَّهُ سَأَلَ أَبَا أَيُّوبَ الْأَنْصَارِيَّ قَالَ: يُصَلِّي أَحَدُنَا فِي مَنْزِلِهِ الصَّلَاةَ ثُمَّ يَأْتِي الْمَسْجِدَ وَتُقَامُ الصَّلَاةُ فَأُصَلِّي مَعَهُمْ فَأَجِدُ فِي نَفْسِي شَيْئًا من ذَلِك فَقَالَ أَبُو أَيُّوب: سَأَلنَا عَنْ ذَلِكَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: «فَذَلِكَ لَهُ سَهْمُ جَمْعٍ» . رَوَاهُ مَالِكٌ وَأَبُو دَاوُد

বাংলা

১১৫৪-[৫] আসাদ ইবনু খুযায়মাহ্ গোত্রের এক লোক থেকে বর্ণিত। তিনি আবূ আইয়ূব আল আনসারী (রাঃ)-কে প্রশ্ন করলেন। আমাদের কেউ বাড়িতে সালাত (সালাত/নামায/নামাজ) আদায় করে মসজিদে আসলে (জামা’আতে) সালাত হচ্ছে দেখলে তাদের সাথে সালাত পড়ি। কিন্তু আমি এ ব্যাপারে আমার মনে খটকা অনুভব করি। আবূ আইয়ূব আল আনসারী জবাবে বললেন, আমিও এ সম্পর্কে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে প্রশ্ন করেছি। তিনি বলেছেন, এটা (দ্বিতীয়বার সালাত আদায় করা) তার জন্যে জামা’আতের অংশ সমতুল্য। (এতে খটকার কিছু নেই)। (মালিক, আবূ দাঊদ)[1]

ফুটনোট

[1] য‘ঈফ : আবূ দাঊদ ৫৭৮, সুনান আল কুবরা লিল বায়হাক্বী ৩৬৪১। কারণ এর সানাদে রাবী “আফীফ” সম্পর্কে ইমাম যাহাবী বলেছেন, সে কে তা জানা যায় না। ইমাম নাসায়ী তাকে নির্ভরযোগ্য বলেছেন এবং رَجُلٌ (ব্যক্তি) একজন অপরিচিত ব্যক্তি।

ব্যাখ্যা

ব্যাখ্যা: فَذَلِكَ لَه سَهْمُ جَمْعٍ এর ব্যাখ্যাঃ দলের সাওয়াবের একটি অংশ।

ইমাম খাত্ত্বাবী (রহঃ) বলেন, কল্যাণের এক অংশ। এখানে আরো একটি ব্যাখ্যাও হতে পারে যেমনঃ আখফাশ

বলেন, (سَهْمُ جَمْعٍ) দ্বারা সৈন্যদলের সাওয়াবের এক অংশ উদ্দেশ্য। আর সৈন্যদলের অংশ অর্থ হল গনীমাত বা যুদ্ধলব্ধ সম্পদ এবং তিনি আরো বলেন, এখানে جَمْعٍ শব্দ দ্বারা উদ্দেশ্য হলো সৈন্যদল দলীল হিসেবে يَوْمَ الْتَقَى الْجَمْعَانِ (সূরাহ্ আল বাক্বারাহ্ ২ : ১৫৫, ১৬৬) ও سَيُهْزَمُ الْجَمْعُ (সূরাহ্ আল ক্বামার ৫৪ : ৪৫) ও فَلَمَّا تَرَاءَى الْجَمْعَانِ (সূরাহ্ আশ্ শু‘আরা ২৬ : ৬১) আয়াতগুলো পেশ করেছেন।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=55714

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন